অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/20/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট ক্যানাল সিস্টেমে 2022 ন্যাভিগেশন মৌসুমের সূচনার ঘোষণা করলেন

ফেয়ারপোর্ট গ্রামের উদযাপনে নতুন শেষ হওয়া অবকাঠামো উন্নয়নের উন্মোচন

ইরি ক্যানেল সংলগ্ন সুযোগসুবিধার মধ্যে আছে লিফ্টব্রিজ ওয়েস্ট এবং পথচারীদের প্রমিনেড

ফেয়ারপোর্টে ক্যানাল খোলার 200তম বর্ষপূর্তিও স্মরণ করা হলো

গভর্নর ক্যাথি হোকল আজকে 524 মাইল লম্বা নিউ ইয়র্ক স্টেট ক্যানাল সিস্টেমের (New York State Canal system) 2022 ন্যাভিগেশন মৌসুমের সূচনার ঘোষণা করেছেন, যা ওয়াটারওয়ের 198তম ধারাবাহিক উদ্বোধনের সূচনা করে এবং 1817 থেকে 1825 পর্যন্ত ইরি ক্যানাল নির্মাণ ও কাজ শেষ হওয়ার চলমান দুইশত বছর পূর্তিকে উদযাপন করে। নতুন নৌকা চালানোর মৌসুম শুরু করার অংশ হিসেবে, নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA) , নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশন (New York State Canal Corporation), এবং নিউ ইয়র্ক স্টেট পার্কস, রিক্রিয়েশন, এবং হিস্টোরিক প্রিজার্ভেশন অফিস (New York State Office of Parks, Recreation and Historic Preservation), মনরো কাউন্টির ফেয়ারপোর্ট গ্রামের কর্মকর্তাদের সাথে যোগ দিয়ে ইরি ক্যানাল সংলগ্ন সাম্প্রতিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের সম্পূর্ণ হওয়া কাজ উন্মোচন করলেন।

"ইরি ক্যানাল নিউ ইয়র্কের ইতিহাসের একটি অবিচ্ছেদ্য অংশ, এবং দীর্ঘদিনের নৌকাচালক হিসেবে এটি আমরা প্রিয় গ্রীষ্মকালীন গন্তব্য, যেখানে আমি সকল নিউ ইয়র্কবাসীকে অভিজ্ঞতা নিতে ও উপভোগ করতে আসতে আমন্ত্রণ জানাচ্ছি," **গভর্নর হোকল বলেন।** "ক্যানাল সিস্টেমটি ক্যানালওয়ে সংলগ্ন স্থানীয় সম্প্রদায়সমূহের বিনোদন ও পর্যটনের কেন্দ্র এবং আমরা আরো একটি সফল অর্থনৈতিক বিকাশ ও অ্যাডভেঞ্চারের গ্রীষ্মকাল দেখতে উন্মুখ।"

ফেয়ারপোর্টে ইরি ক্যানেলের উত্তরপশ্চিম তীর সংলগ্ন 1.3 মিলিয়ন মার্কিন ডলারের উন্নয়নকাজে রয়েছে একদম নতুন ডক এবং ডক ইউটিলিটি, আলোর ব্যবস্থা, একটি নতুন মোটরচালিত নয় এমন ছোট ক্র্যাফ্ট নৌকা লঞ্চ, এবং পুরো স্থানজুড়ে আমেরিকানস উইথ ডিজ্যাবিলিটি অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA) অ্যাক্সেসিবল ফিচার যেমন

অ্যাক্সেসিবল কায়াক লঞ্চ। পাশাপাশি, গ্রামটি লিফ্টব্রিজ লেন ওয়েস্ট (Liftbridge Lane West), একটি পথচারি প্রমিনেড এবং বাসিন্দা ও বেড়াতে আসা মানুষের জন্য একত্রিত হওয়ার স্থান খুলেছে যেখানে বসে কথোপকথনের ব্যবস্থা, অত্যাধুনিক সাউন্ড সিস্টেম, আলোকসজ্জা এবং সাইনেজ, এবং এম্পায়ার স্টেট ট্রেইলের জন্য একটি নিবেদিত বাইক লেন রয়েছে।

গ্রামটি নিউ ইয়র্ক স্টেট পার্কস, রিক্রিয়েশন এবং হিস্টোরিক প্রিজার্ভেশন অফিস থেকে উত্তরপশ্চিম তীরে কাজ সম্পূর্ণ করার জন্য 300,000 মার্কিন ডলার তহবিল পেয়েছে। নতুন সুযোগসুবিধাগুলি 2020 সালের সেপ্টেম্বরে শেষ হওয়া দক্ষিণ তীর সংলগ্ন একটি প্রকল্পের সম্পূরক। পূর্বের 850,000 মার্কিন ডলারের প্রকল্পটি নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশন থেকে কেনেলি পার্কে (Kennelley Park) একটি অবজারভেশন ডেক স্থাপন করার জন্য, এবং একইসাথে একটি নতুন মোটরচালিত নয় এমন নৌকার ডেক, সাইডওয়াক, রোডবেজ, আলোর ব্যবস্থা, ল্যান্ডস্কেপিং, এবং ঐতিহাসিক ব্যাখ্যামূলক সাইনেজের জন্য 150,000 মার্কিন ডলার তহবিল সমর্থন পেয়েছে।

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিস্কল বলেন, "প্রায় দুই শতাব্দী ধরে, ইরি ক্যানাল আমাদের স্টেটব্যাপী মানুষ ও বাণিজ্যকে সংযুক্ত করেছে, এবং আইকনিক এই ওয়াটারওয়ের স্টুয়ার্ড হিসেবে, নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ এবং ক্যানাল কর্পোরেশন ক্যানালগুলিকে আগামী প্রজন্মগুলির জন্য নিরাপদ এবং ব্যবহারযোগ্য রাখা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। পাশাপাশি, আমাদের রিইমাজিন দ্য ক্যানালস উদ্যোগের (Reimagine the Canals initiative) মাধ্যমে, NYPA ফেয়ারপোর্ট লিফ্ট ব্রিজের আলোকিত করার মতো সাম্প্রতিক প্রকল্পকে সমর্থন করছে, এটি ক্যানাল সিস্টেমের ইতিহাস ও প্রকৌশলের উপর আলোকপাত করে এবং একইসাথে বাসিন্দা ও পর্যটকদের ক্যানাল তীরবর্তী অনেক সম্প্রদায়ের প্রতি আকর্ষিত করে।"

নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশনের পরিচালক ব্রায়ান ইউ. স্ট্র্যাটন বলেন, "নিউ ইয়র্কের ক্যানালে ন্যাভিগেশন মৌসুম শুরু করা একটি নিশ্চিত চিহ্ন যে গ্রীষ্ম চলে এসেছে, এবং আমরা এই বছর আমাদের ওয়াটারওয়ে ও ট্রেইলের নেটওয়ার্কে বিনোদন পরিকল্পনা করা সকলকে স্বাগত জানাতে উন্মুখ। আজকে ফেয়ারপোর্টে উন্মোচিত নতুন অবকাঠামো ও সুযোগসুবিধা এখানে বেড়াতে আসা মানুষের জন্য একটি সত্যিকারের পুনরুজ্জীবিত ওয়াটারফ্রন্ট গন্তব্য সৃষ্টি করে এবং অনেক সম্প্রদায়ের সাথে ক্যানাল সিস্টেমের সংযোগ জোরদার করে।"

নিউ ইয়র্ক স্টেটের পার্কস, রিক্রিয়েশন, এবং হিস্টোরিক প্রিজার্ভেশন অফিসের কমিশনার এরিক কুলেসিড বলেন, "নিউ ইয়র্ক স্টেট ক্যানাল সিস্টেম আমাদের দেশের অতুলনীয় বিনোদন সংস্থানগুলির একটি, এবং ক্যানাল খুলে দেওয়ার অর্থ হলো ঘরের বাইরের বিনোদনের সবথেকে ভালো মৌসুম এসে গেছে। আজকের উদযাপিত উন্নয়নগুলি বাসিন্দা ও সকল স্থান থেকে এই সূদনর দৃশ্য ও ঐতিহাসিক স্থান দেখতে এখানে বেড়াতে আসা মানুষের অভিজ্ঞতা উন্নত করবে।স্টেট পার্কস এই প্রকল্পে তাদের কাজের জন্য NYPA, ক্যানাল কর্পোরেশন এবং ফেয়ারপোর্ট গ্রামের প্রতি কৃতজ্ঞ।"

এই বছর নতুন ক্যানাল তীরবর্তী সুযোগসুবিধা উদযাপনের পাশাপাশি, ফেয়ারপোর্ট ইরি ক্যানালের একটি সম্প্রদায় হিসেবে এর দুইশত বছর পূর্তির কথা স্মরণ করছে। 23 এপ্রিল, 1822 তারিখে চেরি ভ্যালি গ্যাজেটে (Cherry Valley Gazette) প্রকাশিত একটি নিবন্ধ অনুযায়ী, সেই বছর 11 এপ্রিল পূর্ব মনরো কাউন্টিতে এখনকার ফেয়ারপোর্ট থেকে বর্তমান বুশনেলস বেসিন (Bushnell's Basin) পর্যন্ত ন্যাভিগেশনের জন্য ইরি ক্যানাল খুলে দেওয়া হয়। রচেস্টার সিটিতে বুশনেলস বেসিনের পশ্চিমে ইরি ক্যানালের অতিরিক্ত অংশ খুলে দেওয়া হয় 1822 সালের জুলাই ও অক্টোবর মাসে, এবং জেনেসি নদীর মূল অ্যাকোয়াডাক্ট খুলে দেওয়া হয় 1823 সালের অক্টোবর মাসে। গ্রামের ওয়েবসাইটে প্রকাশিত তথ্য অনুযায়ী, ইরি ক্যানাল একটি গুরুত্বপূর্ণ পরিবহন রুট হয়ে উঠে এবং একটি হোটেল ও পোস্ট অফিস নিয়ে ফেয়ারপোর্ট যাত্রীদের জন্য একটি জনপ্রিয় বিরতির স্থান হয়ে উঠে। এমনকি ফেয়ারপোর্ট তার নামও পায় ক্যানাল যাত্রীদের কাছ থেকে যারা এই বিরতির স্থানকে "সুন্দর ফেয়ার পোর্ট" বলতো।

ফেয়ারপোর্ট গ্রামের মেয়র জুলি ডোমারাটজ বলেন, "আমরা ইরি ক্যানাল সংলগ্ন আমাদের গ্রামের ইতিহাস, ক্যানাল মৌসুমের শুরুর দিন, এবং ফেয়ারপোর্টে বাস করা ও বেড়াতে আসার অভিজ্ঞতা উন্নত করার প্রকল্পসমূহের কাজ শেষ হওয়া উদযাপন করতে পেরে অতি আনন্দিত। এই দিনে আমরা আমাদের ইতিহাস ও অগ্রগতি উভয় উদযাপন করবো।"

সিনেটর সামরা ব্রোক বলেন, "পিটসফোর্ডের একজন স্থানীয় অধিবাসী হিসেবে, যার প্রথম চাকরি ইরি ক্যানালে ছিলো, আমি ক্যানালের আঞ্চলিক তাৎপর্য সম্পর্কে অজ্ঞাত নই, এটি শুধু দৃশ্যের সৌন্দর্যে অবদান রাখে না, বরং অনেক প্রজন্ম ধরে আমাদের সম্প্রদায়ের একটি অর্থনৈতিক ইঞ্জিন হিসেবে কাজ করছে। দুইশত বছর পূর্তি উপলক্ষে, আসুন আমরা আমাদের অতি প্রিয় ক্যানালটিকে রক্ষা ও সংরক্ষণ করার সংকল্প পুনরায় গ্রহণ করি যাতে এটি আগামী শতাব্দীগুলিতেও আমাদের সম্প্রদায়কে সেবাদান করতে পারে। একজন সিনেটর হিসেবে, ক্যানালের ভবিষ্যৎ স্থির করতে স্থানীয় পরিবারগুলির যাতে বলিষ্ঠ মতামত থাকে তা নিশ্চিত করতে আমি কাজ করে যাবো।"

অ্যাসেম্বলি সদস্য জেনিফার ল্যান্সফোর্ড বলেন, "আমাদের মহান এম্পায়ার স্টেট এবং জাতির গঠনে ইরি ক্যানালের আমাদের কোণার একটি গভীর প্রভাব রয়েছে, এবং আমি 20 মে তারিখে এই বছরের ন্যাভিগেশন মৌসুম সূচনা করার স্মৃতি তৈরি করতে পেরে অত্যন্ত আনন্দিত। এছাড়াও এই বছর ফেয়ারপোর্ট গ্রামে ইরি ক্যানাল খুলে দেওয়ার দুইশত বছর পূর্ণ হবে। 1825 সালে কাজ শেষ হওয়া ইরি ক্যানালটি বিশ্বের দ্বিতীয় দীর্ঘতম ক্যানাল, এটি পুরো নিউ ইয়র্কের অনেক বড় শহরের বিকাশ ও অর্থনীতিকে জোরদার করেছে। অটোমোবাইলের উত্থানের সাথে সাথে, আনুষ্ঠানিকভাবে 1867 সালে ইনকর্পোরেট করা ফেয়ারপোর্ট গ্রামটি পানির বাইরেও সম্প্রসারণ শুরু করে, যার ফলে ইরি ক্যানালকে বিনোদনের একটি উৎস হিসেবে পুনঃকল্পনা করা শুরু হয়।প্রায়শই প্রিয় ওয়াটারওয়েতে অবশিষ্ট কিছু শিপিং বার্জের সাথে ক্যানু, কায়াক এবং ট্যুর নৌকা দেখা যায়। বাসিন্দা ও এখানে বেড়াতে আসা মানুষেরা টোপথ ধরে হাঁটতে বা দৌড়াতে পছন্দ করে, যা 340 মাইল ধরে ইরি ক্যানালকে অনুসরণ করে, এবং অবশ্যই আমরা ফেয়ারপোর্টের ক্যানাল দিবস (Fairport's Canal Days) চলাকালীন ক্যানালটি আমাদের সম্প্রদায়কে যা যা প্রদান করে তার সবকিছুই উদযাপন করি। ইরি ক্যানাল আমাদের সম্প্রদায়ের একটি রত্ন!"

মনরো কাউন্টি নির্বাহী অ্যাডাম বেলো বলেন, "আমরা মনরো কাউন্টির দুইশত বছর পূর্তি উদযাপন করছি 'আরো উদযাপন' এই থিম দিয়ে এবং আমি পরিবার ও বেড়াতে আসা মানুষদের জন্য ফেয়ারপোর্টে ইরি ক্যানাল সংলগ্ন স্থানের থেকে ভালো উদযাপনের স্থান ভাবতে পারছি না। উপভোগের জন্য ক্যানাল সংলগ্ন একদম নতুন সব সুযোগসুবিধাসহ, ঘরের বাইরে যাওয়া, প্রকৃতির একটি অংশ হওয়া এবং আরো উদযাপন করার অনেক উপায় রয়েছে।"

ইরি ক্যানালওয়ে জাতীয় হেরিটেজ করিডোরের (Erie Canalway National Heritage Corridor) নির্বাহী পরিচালক বব র‍্যাডলিফ বলেন, "নবায়নের এই মৌসুম আমাদেরকে মনে করিয়ে দেয় যে নিউ ইয়র্ক স্টেট ও জাতীয় সম্পদ এমন একটি সক্রিয় ক্যানাল সিস্টেম পেয়ে আমরা কতটা সৌভাগ্যবান। আমরা আমাদের সকলের ব্যবহার ও উপভোগের জন্য আপস্টেট নিউ ইয়র্কের কিংবদন্তি ইংল্যান্ড ওয়াটারওয়ে পুনরায় খুলে দেওয়ার উদযাপনে যোগ দিচ্ছি।"

ক্যানাল সিস্টেম আজকে থেকে 12 অক্টোবর, 2022, বুধবার পর্যন্ত প্রতিদিন সকাল 7:00টা থেকে বিকাল 5:00টা পর্যন্ত খোলা থাকবে এবং কিছু লক ও লিফ্ট ব্রিজ পুরো গ্রীষ্মকালজুড়ে রাত 10:00টা পর্যন্ত খোলা থাকবে। সম্পূর্ণ সময়সূচি দেখতে এবং ইরি, চ্যাম্পলান, ওসওয়েগো, এবং ক্যাইয়ুগা-সেনেকা ক্যানাল সম্পর্কে আরো জানতে, অনুগ্রহ করে ক্যানাল কর্পোরেশনের ওয়েবসাইট ভিজিট করুন।

ক্যানাল কর্পোরেশন এবং নিউ ইয়র্ক স্টেট এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্ট (New York State Department of Environmental Conservation, DEC) সম্প্রতি একটি সার্বিক প্রচেষ্টা ঘোষণা করেছে, যেখানে 2021 সালের জুলাই মাসে ট্রয়ের নিকটবর্তী হাডসন নদীতে মাছটির অস্তিত্ব পাওয়া যাওয়ার সূত্র ধরে লেক চ্যাম্পলান বেসিনে (Lake Champlain Basin) রাউন্ড গোবি নামক একটি জলজ আক্রমণাত্মক প্রজাতির (Aquatic Invasive Species, AIS) সম্ভাব্য বিস্তার ঠেকাতে একটি নতুন দ্রুত সাড়াদান পরিকল্পনা তৈরি করা হচ্ছে। জলজ আক্রমণাত্মক প্রজাতি স্থানীয় মাছের প্রজাতি ধ্বংস করতে পারে, যার ফলে ইকোসিস্টেমে ব্যাঘাত ঘটে এবং বিনোদনের উপর নির্ভরশীল স্থানীয় অর্থনীতির ক্ষতি হয়।

জলজ আক্রমণাত্মক প্রজাতির বিস্তার প্রতিরোধে, নৌকাচালক এবং মাছশিকারিদের সর্বদা নৌকা/মাছ ধরার সরঞ্জাম পরিষ্কার, পানিমুক্ত ও শুকনো রাখার এবং অযাচিত টোপের মাছের সঠিক ব্যবহার ও ফেলার অনুশীলন করতে উপদেশ দেওয়া হচ্ছে। যেকোনো আক্রমণাত্মক প্রজাতি দেখলে তা www.imapinvasives.org এ আইম্যাপইনভেসিভসকে (iMapInvasives) রিপোর্ট করুন। DEC এবং ক্যানাল কর্পোরেশন সম্প্রতি নিউ ইয়র্কের, বিশেষ করে লেক চ্যাম্পলানের পানিকে রাউন্ড গোবি এবং অন্যান্য AIS থেকে রক্ষা করার জন্য একটি সার্বিক প্রচেষ্টা ঘোষণা করেছে। আরো তথ্যের জন্য, এখানে যান: https://www.dec.ny.gov/press/125018.html

পাশাপাশি, সকল আগ্রহী ক্যানাল ব্যবহারকারী এবং স্টেকহোল্ডারদেরকে "নোটিস টু ম্যারিনার্স" নোটিফিকেশন কর্মসূচির মাধ্যমে সর্বশেষ তথ্য পাওয়ার জন্য নিবন্ধন করতে উৎসাহিত করা হচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418